

Activity ID: 1903001021

BA-VI/BENGALI-AHBNG-601-C-13 TH /60111- (UNISH O BISH SATAKER PRABONDHA O PATRASAHITYA)/20

BA 6th Semester Examination, October 2020

Subject: বাংলা

Course Title: উনিশ ও বিশ শতকের প্রবন্ধ ও পত্রসাহিত্য

Course Code: AHBNG-601-C-13

Course ID: 60111

সময়: ১ ঘণ্টা

পূর্ণমান: ২০

দক্ষিণ-প্রান্তীয় সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও।

$2 \times 2 = 8$

- ক) ‘ত্রিবিধিকাব্য’ বলতে বঙ্গিমচন্দ্র কী বোঝাতে চেয়েছেন?
- খ) ‘শকুন্তলা, মিরন্দা এবং দেসদিমোনা’ প্রবন্ধের মিরন্দা ও দেসদিমোনা কারণ রচিত কোন গ্রন্থের চারিত্র?
- গ) ‘উপকার করিবার অধিকার থাকা চাই।’—‘উপকার করিবার অধিকার’ বলতে লেখক কী বোঝাতে চেয়েছেন?
- ঘ) ‘কালান্তর’ প্রবন্ধ গ্রন্থের শেষ প্রবন্ধের নাম কী? প্রবন্ধটি রচনার উপলক্ষ কী?
- ঙ) ‘যুরোপ প্রবাসীর পত্র’ গ্রন্থটি কত সালে রচিত হয়? রবীন্দ্রনাথ গ্রন্থটি কাকে উৎসর্গ করেছিলেন?
- চ) ‘যুরোপ প্রবাসীর পত্র’-এর পত্রগুলি কোন পত্রিকায় প্রকাশিত হয়? তখন প্রতিকার সম্পাদক কে ছিলেন?
- ছ) ‘কবিতার কথা’ গ্রন্থে উল্লিখিত চারজন পাশ্চাত্য কবির নাম লেখো।
- জ) জীবনানন্দের মতে রবীন্দ্র-কাব্যকে সংকীর্ণতা থেকে মুক্তি দিয়েছে কোন দুটি ‘বোধ’?

২। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও।

$6 \times 1 = 6$

- ক) ‘গীতিকাব্য’ প্রবন্ধ অনুসরণে গীতিকাব্য সম্পর্কে বঙ্গিমচন্দ্রের ধারণা নিজের ভাষায় লেখো।
- খ) বঙ্গিমচন্দ্র তাঁর ‘ভারতবর্ষের স্বাধীনতা এবং পরাধীনতা’ প্রবন্ধে ‘স্বতন্ত্র’ ও ‘পরতন্ত্র’ বিষয়ে যে ধারণা পোষণ করেছেন তা নিজের ভাষায় পরিস্ফুট করো।

গ) “যুরোপে জনগণ কোন সংখ্যা মাত্র নয় তারা শক্তি।”—প্রসঙ্গ উল্লেখ করে প্রাবন্ধিকের এই মন্তব্যের যৌক্তিকতা ব্যাখ্যা করো।

ঘ) “মানুষের প্রতি বিশ্বাস হারালো পাপ।”—রবীন্দ্রনাথ কিভাবে শেষপর্যন্ত এই বিশ্বাসে স্থিতিষ্ঠী থাকতে পেরেছিলেন বুঝিয়ে দাও।

ঙ) ‘যুরোপ প্রবাসীর পত্র’-এর প্রথম পত্রে উল্লিখিত লেখকের সমুদ্রপীড়ার অভিজ্ঞতা নিজের ভাষায় লেখো।

চ) ‘যুরোপ প্রবাসীর পত্র’-এর পঞ্চম পত্রে উল্লিখিত ‘ইঙ্গরেজদের’ কোন অতি অসাধারণ ও বিশেষ গুণের কথা রবীন্দ্রনাথ বলেছেন লেখো।

ছ) কাব্যের শরীর গঠনে ছন্দের ভূমিকা সম্বন্ধে জীবনানন্দের অভিমত সংক্ষেপে বোঝাও।

জ) “রবীন্দ্র-কাব্য বিরাট সমুদ্রের মতো।”—প্রাবন্ধিক জীবনানন্দের এমন মন্তব্যের যৌক্তিকতা বিচার করো।

৩। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও।

$$10 \times 1 = 10$$

ক) ‘শকুন্তলা, মিরন্দা এবং দেসদিমোনা’ প্রবন্ধ অনুসরণে শকুন্তলা ও মিরন্দা চরিত্রের তুলনামূলক আলোচনা করো।

খ) ‘ভারতবর্ষের স্বাধীনতা এবং পরাধীনতা’ প্রবন্ধ অনুসরণে স্বাধীনতা সম্বন্ধে বক্ষিমচন্দ্রের অভিমত আলোচনা করো।

গ) ‘লোকহিত’ প্রবন্ধ অনুসরণে পরিবর্তমান রাষ্ট্র ও সমাজচিক্ষার ক্ষেত্রে রবীন্দ্রনাথ যে স্বচ্ছ ও যুক্তিবাদী মনের পরিচয় দিয়েছেন তা ব্যক্ত করো।

ঘ) ‘কালান্তর’ প্রবন্ধে ইংরেজের প্রতি রবীন্দ্রনাথের বিশ্বাস ও বিশ্বাসভঙ্গের যে বেদনা ব্যক্ত হয়েছে, তা নিজের ভাষায় লেখো।

ঙ) “এই প্রথম যুরোপের মাটিতে আমার পা পড়ুল।”—ইউরোপের মাটিতে পা রাখার পর লেখকের যে অভিজ্ঞতা হয়েছিল তা সংক্ষেপে বর্ণনা করো।

চ) পত্রসাহিত্য হিসাবে ‘যুরোপ প্রবাসীর পত্র’ গ্রন্থের তোমার পাঠ্য পত্রগুলির সাৰ্থকতা আলোচনা করো।

ছ) ‘কবিতার কথা’ মূলত বাংলা কবিতার পালাবদলের কথা—পাঠ্য প্রবন্ধ অনুসরণে উল্লিখিত মন্তব্য সম্পর্কে আলোচনা করো।

জ) “সকলেই কবি নয়, কেউ কেউ কবি।” জীবনানন্দের দৃষ্টিভঙ্গি অনুযায়ী মন্তব্যটির সারবত্তা বিচার করো।